

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date:15-09-2024  
Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**Lok Adalat result :**

ত্রিপুরা হাইকোর্ট সহ রাজ্যের সবকটি জেলা ও মহকুমা আদালত চত্বরে গতকাল তৃতীয় জাতীয় লোক আদালত বসে। এতে একদিনে আদালতে বিচারাধীন ১২ হাজার ২৮২টি মামলা নিষ্পত্তি হয়। এছাড়া মামলা পূর্ববর্তী বিরোধ সংক্রান্ত ৪১১টি বিষয়েরও নিষ্পত্তি হয়েছে। রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্যসচিব কুমার দত্ত চৌধুরী এখবর জানিয়েছেন। শ্রীমতি দত্ত চৌধুরী জানিয়েছেন, লোক আদালতে বিচারাধীন ২০ হাজার ৭৪টি মামলা নিষ্পত্তির জন্য লোক আদালতে এইদিন তোলা হয়েছিল। এর সাথে মামলা পূর্ববর্তী বিরোধ সংক্রান্ত ৩ হাজার ৯২০টি বিষয়ও নিষ্পত্তির জন্য তোলা হয়েছিল।

\*\*\*\*\*

**Press Meet-BJP :**

আগামী ১৭ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিন উপলক্ষে প্রদেশ বিজেপি'র পক্ষ থেকে নানা কর্মসূচি গ্রহণ করা হয়েছে। আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে গতকাল প্রদেশ বিজেপি সভাপতি, সাংসদ রাজীব ভট্টাচার্য একথা জানান। তিনি জানান, আগামী ১৭ সেপ্টেম্বর থেকে ১৯শ সেপ্টেম্বর পর্যন্ত প্রতিটি মন্ডলে রক্তদান শিবিরের আয়োজন করা হবে। ১৮ সেপ্টেম্বর থেকে ২৪শ সেপ্টেম্বর পর্যন্ত অনুষ্ঠিত হবে স্বচ্ছতা অভিযান। তাছাড়া রাজ্যের সর্বত্র বৃক্ষরোপন অনুষ্ঠানেরও আয়োজন করা হবে।

\*\*\*\*\*

**Press Meet-PWD :**

সাম্প্রতিক বন্যায় রাজ্যে প্রায় চার হাজার ২৭৯ কিলোমিটার রাস্তাও ১৮৫টি ব্রিজ ও কালভার্ট সম্পূর্ণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। এগুলি মেরামতির জন্য প্রায় ২০১৫ কোটি টাকা ব্যয় হবে। গতকাল আগরতলায় সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন পূর্ত ও স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে। তিনি জানান, সেচ ব্যবস্থায় ১৫৯৮টি প্রকল্পের মধ্যে ১১৮২টি প্রকল্পের ব্যাপক ক্ষতি হয়েছে। পূর্ত দপ্তরের জলসম্পদ বিভাগের সার্বিক ক্ষতির পরিমাণ প্রায় তিন হাজার পাঁচশো আটাশ কোটি টাকা। শীতকালীন ফসল ও সবজি চাষের জন্য দপ্তরের পক্ষ থেকে সেচ প্রকল্পগুলো মেরামতি ও সংস্কারের কাজ শুরু হয়েছে বলে তিনি জানান। শ্রী গিত্যে আরো জানান, রাজ্য সরকার সেচ প্রকল্প গুলো সংস্কার ও মেরামতির জন্য ৩৫ কোটি টাকা দিয়েছে। সাম্প্রতিক এই বন্যায় রাজ্যে ১৫টি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র, তিনটি কমিউনিটি হেলথ সেন্টার ৮৩টি উপ-স্বাস্থ্য কেন্দ্রের ক্ষতি হয়েছে। ক্ষতির পরিমাণ প্রায় ১০ কোটি টাকা। তিনি বলেন এখন পর্যন্ত রাজ্যে বন্যা ক্ষতিগ্রস্ত এলাকায় ২৭৪৮টি স্বাস্থ্য শিবিরে ১ লক্ষ ১০ হাজার রোগীকে চিকিৎসা করা হয়েছে। চারটি রেপিড রেসপন্স টিম বন্যাকবলিত এলাকায় প্রতিনিয়ত পরিদর্শন করছে কোথাও কোন ওষুধের ঘাটতি নেই। স্বাস্থ্য দপ্তর থেকে বন্যা ক্ষতিগ্রস্ত এলাকাসমূহে নিরাপদ জায়গায় জল সংরক্ষণ এবং জল ফুটিয়ে পান করতে নির্দেশিকা জারি করা হয়েছে।

\*\*\*\*\*

### **Swachhata Hi Seva :**

স্বচ্ছতা হি সেবা-এই স্লোগানকে সামনে রেখে আমবাসা পুর পরিষদের উদ্যোগে গতকাল থেকে পক্ষকালব্যাপী বিভিন্ন কর্মসূচি শুরু হয়েছে। আমবাসা পুর পরিষদের সমস্ত কর্মচারী, সিআরপিএফের ১৪০নং বাহিনীর জওয়ানরা সকালে শান্তি পাড়া রোড থেকে পোস্ট অফিস পর্যন্ত এক বিশেষ সাফাই অভিযানে অংশগ্রহণ করেন। এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন আমবাসা পুর পরিষদের চেয়ারম্যান গোপাল সুত্রধর, মহকুমা শাসক সঞ্জিত দেববর্মা, পুর পরিষদ ও সিআরপিএফের আধিকারিকগণ।

\*\*\*\*\*

## Swachhata Hi seva-Gomoti :

"স্বচ্ছতা হি সেবা" কর্মসূচির অঙ্গ হিসাবে গোমাতি জেলাতেও গতকাল অফিসে সাফাই অভিযান করা হয়। উদয়পুর পুর পরিষদ ও উদয়পুর মার্চেন্ট অ্যাসোসিয়েশনের যৌথ উদ্যোগে উদয়পুর সেন্ট্রাল রোডের চকবাজারে এই সাফাই অভিযান কর্মসূচি পালন করা হয়। এতে উপস্থিত ছিলেন উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার, ভাইস চেয়ারম্যান প্রদীপ দেবনাথ প্রমুখ।

\*\*\*\*\*

## Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এই মাসের ২৯ তারিখ, রবিবার আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানের ১১৪তম পর্বে দেশ-বিদেশের জনগণের সঙ্গে তার চিন্তাভাবনা ভাগ করে নেবেন। 1800-11-7800 এই টোল ফ্রি নম্বরে জনগণ তাদের মতামত এবং পরামর্শ পাঠাতে পারেন। 1922 নম্বরে মিস কল দিয়ে প্রাপ্ত লিঙ্কে এসএমএসে করেও পরামর্শ পাঠাতে পারেন। নরেন্দ্র মোদী অ্যাপ বা MyGov ওপেন ফোরামের মাধ্যমেও মতামত পাঠানো যাবে। আসন্ন পর্বের জন্য পরামর্শ এই মাসের ২৭ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে।

\*\*\*\*\*

## Chandra Smriti League :

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় এগিয়ে চলো সংঘ জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় এগিয়ে চলো সংঘ ২-০ গোলে জুয়েলস এসোসিয়েশনকে পরাজিত করে।

\*\*\*\*\*

## Weather :

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ দশমিক ৬ ডিগ্রী সেলসিয়াস। দুপুরে সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। সকাল সাড়ে ৫টা পর্যন্ত বৃষ্টিপাতের পরিমাণ ১ দশমিক ৫ মিলিমিটার।

\*\*\*\*\*

